# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 22.07.2024 Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) সংসদের বাজেট অধিবেশন আজ শুরু হচ্ছে। আগামীকাল পেশ করা হবে সাধারণ বাজেট।

২) রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আজ। নতুন তিন ফৌজদারী আইন নিয়ে আলোচনার জন্য অধিবেশনে প্রস্তাব আনতে পারে সরকার পক্ষ।

৩) দুর্নীতির সঙ্গে দল কোন রকম আপোষ করবে না বলে ২১-শে জুলাই-এর মঞ্চ থেকে কড়া বার্তা তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৪) বিজেপি বলেছে ২১-শে জুলাই-এর মঞ্চ শহীদ স্মরণ নয়, উৎসবের মঞ্চে পরিণত হয়েছে।

৫) সংরক্ষণ বিরোধী হিংসাত্মক আন্দোলনে উত্তাল বাংলাদেশ থেকে পড়ুয়ারা বিভিন্ন সীমান্ত পথে দেশে ফিরছেন।

৬) নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টি চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সংসদের বাজেট অধিবেশন শুরু হচ্ছে আজ। চলবে ১২-ই আগস্ট পর্যন্ত। অধিবেশনের প্রথমদিনে আজ ২০২৩-২৪-এর অর্থনৈতিক সমীক্ষা সংসদে পেশ করা হবে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামীকাল লোকসভায় ২০২৪-২৫-এর সাধারণ বাজেট পেশ করবেন। এবারের অধিবেশনে মোট ১৬ দিন কাজ হবে বলে জানিয়েছেন সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু।

(বাইট – রিজিজু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আজ। তার আগে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বসবে সর্বদলীয় বৈঠক। শোক প্রস্তাবের পর অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। এরপর কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে অধিবেশনের পরবর্তী কর্মসূচি স্থির করা হবে। পয়লা জুলাই চালু হওয়া তিনটি নতুন ফৌজদারি আইন নিয়ে আলোচনার জন্য সরকার পক্ষ অধিবেশনে একটি প্রস্তাব আনতে পারে। বেশ কয়েকটি সংশোধনী বিল এবারের অধিবেশনে পেশ হবার কথা।

এদিকে চারটি বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপনির্বাচনে জয়ী সুপ্তি পান্ডে, মুকুটমনি অধিকারী, কৃষ্ণ কল্যাণী এবং মধুপর্না ঠাকুরকে চলতি অধিবেশনে বিধায়ক হিসাবে শপথ বাক্য পাঠ করানো হবে বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়ে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা, আজ নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সব দফতরের আধিকারিকদের

নির্দেশ দিয়েছেন বলে জানা গিয়েছে। বৈঠকে মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টা অমিত মিত্রর উপস্থিত থাকার কথা। একই সঙ্গে আগামী সেপ্টেম্বর মাসে প্রস্তাবিত শপিং ফেস্টিভ্যাল নিয়েও বৈঠকে আলোচনা হতে পারে।

উল্লেখ্য, আগামী ফেব্রুয়ারী মাসে রাজ্য সরকার নবম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আয়োজন করার প্রস্তুতি নিচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দুর্নীতির সঙ্গে দল কোন ভাবেই আপোষ করবে না বলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্পষ্ট বার্তা দিয়েছেন। ধর্মতলায় গতকাল একুশে জুলাইয়ের সমাবেশে তিনি বলেন, তৃণমূল কংগ্রেস শুধু একটি রাজনৈতিক দল নয়, এটি মানুষের সেবা করার মঞ্চ। নির্বাচিত হবার পর মানুষকে যারা পরিষেবা দেবে না তাদের সঙ্গে তৃণমূল কংগ্রেসের কোনও সম্পর্ক নেই। বিত্তবান কর্মী নয়, দল বিবেকবান কর্মী চায়। কোন কর্মীর বিরুদ্ধে অভিযোগ এলে তিনি যে স্তরেরই হোন না কেন, ব্যবস্থা নেওয়া হবে।

(বাইট – মমতা)

সাম্প্রতিক লোকসভা নির্বাচন ও বিধানসভা উপনির্বাচনে দলের সাফল্যের জন্য রাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়ে তৃণমূল কংগ্রেস নেত্রী বলেন, নির্বাচনী সাফল্যে আত্মতুষ্টির কোন জায়গা নেই। বরং দলের নেতাকর্মীদের আরো দায়িত্ববান আরো বিনয়ী হতে হবে। এখন থেকে ২০২৬ এর বিধানসভা নির্বাচনের প্রস্তুতি শুরু করে দেওয়ার নির্দেশ দিয়ে তিনি বলেন, উত্তরবঙ্গেও দল ভালো ভোট পাবে বলে তিনি আশাবাদী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এর আগে দলীয় নেতা কর্মীদের কঠোর বার্তা দিয়ে তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় জানান, দলের হাতে থাকা

যেসব পুরসভা ও পঞ্চায়েত এলাকায় গত লোকসভা ও সাম্প্রতিক বিধানসভা উপ নির্বাচনে দল পিছিয়ে ছিল, সেখানকার নেতাদের ভূমিকা তিনি পর্যালোচনা করেছেন। এজেন্সি দিয়ে তৃণমূল কংগ্রেসকে ভয় দেখানো যাবে না বলেও তিনি মন্তব্য করেন।

(বাইট – অভিষেক)

ইন্ডি জোটের প্রতিনিধি হিসেবে সমাজবাদী পার্টির নেতা, উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদব, তৃণমূল কংগ্রেসের শহীদ দিবসের সমাবেশে যোগ দিয়ে বলেন, দিল্লির সরকার টিঁকবে না। খুব শীঘ্রই পতন হবে।

ooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পে আবেদন করেও যারা এখনও বাড়ি পাননি, রাজ্য সরকার চলতি বছরে এমন এগারো লক্ষ মানুষকে বাড়ি তৈরির টাকা দেওয়ার কাজ শুরু করবে। তৃনমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল কলকাতায় একুশে জুলাই এর সমাবেশে বলেন, ডিসেম্বর মাস থেকেই বাড়ি তৈরির জন্যে উপভোক্তা পিছু এক লক্ষ কুড়ি হাজার টাকা করে দেওয়া শুরু হবে। পাশাপাশি লক্ষীর ভান্ডার, বিধবা ভাতা প্রকল্পে বাকি থাকা আবেদনগুলি খতিয়ে দেখে পুজোর পরেই তা দেওয়ার কাজ শুরু করা হবে। এই সরকার ক্ষমতায় আসার আগে রাজ্যের সাতান্ন দশমিক ০৭ শতাংশ মানুষ দারিদ্র সীমার নীচে থাকলেও বর্তমানে তা কমে আট শতাংশ হয়েছে বলে মুখ্যমন্ত্রী দাবি করেন।

তিনি বলেন, বিভিন্ন পদে দশ লক্ষ চাকরি প্রস্তুত থাকলেও রাজনৈতিক স্বার্থে বিরোধীরা একজোট হয়ে আদালতে গিয়ে নিয়োগে বাধা দিচ্ছে। অন্যান্য

অনগ্রসর শ্রেনীভুক্তদের জন্যে ওবিসি শংসাপত্র দেওয়া নিয়ে কলকাতা হাইকোর্ট যে রায় দিয়েছে রাজ্য সরকার তার বিরুদ্ধে সুপ্রীম কোর্টে গিয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

একুশে জুলাই, শহীদ স্মরণের সমাবেশ নয়, উৎসবে পরিণত হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য সাংবাদিকদের বলেন, এই মঞ্চে, কতজন শহীদ হয়েছেন তাদের নাম কখনো উচ্চারণ করা হয় না। শহীদদের পরিবারের আবেগের সঙ্গে প্রতারণা করে এই সভা করা হয়।

(বাইট – শমীক)

এদিকে ব্যারাকপুরে গতকাল বিজেপির পক্ষ থেকে গণতন্ত্র হত্যা দিবস পালন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

**এদিকে, তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার আগে রাজ্যের ৫৭ শতাংশের বেশি মানুষ দারিদ্রসীমার নীচে থাকলেও, বর্তমানে তা কমে ৮ শতাংশ হয়েছে বলে মুখ্যমন্ত্রী সমাবেশে যে দাবি করেছেন, সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী তাকে তীব্র কটাক্ষ করেছেন।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদিয়া শান্তিপুরের গয়েশপুর পঞ্চায়েতের প্রধান শ্যামল ঘোষ দলবদল করে তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন । গতকাল শান্তিপুরের বিধায়ক ব্রজ কিশোর গোস্বামীর হাত থেকে দলের পতাকা হাতে তুলে নেন তিনি। গত পঞ্চায়েত নির্বাচনের ত্রিশঙ্কু ওই গ্রাম পঞ্চায়েতে বিজেপি ক্ষমতা দখল করে।

oooooooooooooooooo

হিংসাত্মক সংরক্ষণ বিরোধী আন্দোলনের জেরে রাজ্যে চ্যাংড়াবান্ধা, হিলি, মহদিপুর এবং গেদে সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে গতকালও ভারতে এসেছেন কয়েকশো ছাত্রছাত্রী। জলপাইগুড়িতে ভারত-বাংলাদেশ ফুলবাড়ি সীমান্তে গিয়ে দেখা গেল প্রায় জনশূন্য এলাকা।

এদিকে, জলপাইগুড়ির সাংসদ ডাক্তার জয়ন্ত কুমার রায় গতকাল ফুলবাড়ি সীমান্তে স্থলবন্দর নির্মাণের জমি পরিদর্শনে যান। তিনি বলেন, স্থলবন্দর গড়ে উঠলে কর্মসংস্থান হবে। ব্যবসা বাণিজ্য বৃদ্ধি পাবে।

(বাইট - জয়ন্ত রায়)

কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে এখনও রাজ্যে আসছেন বন্ধু-ছাত্রছাত্রী। গতকাল ৩৩৮ জন ভারতীয় সমেত মোট ৫৫০ জন পড়ুয়া বাংলাদেশ থেকে ভারতে আসেন।

এপর্যন্ত ৪ হাজার ৫-শোর বেশি পড়ুয়া ভারতে এসেছেন বলে বিদেশ মন্ত্রক জানিয়েছে।

রাজ্য সরকার, বাংলাদেশের কোন নাগরিক আশ্রয় চাইলে সবরকমের সহযোগিতার আশ্বাস দিয়েছে। ২১-শের সভামঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল একথা বলেন। তিনি বলেন, বাংলাদেশ পৃথক রাষ্ট্র। তাই এই ইস্যুতে ভারত সরকার যাবতীয় বিবৃতি দেবে।

oooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (RSS) এর কার্যক্রমে সরকারি কর্মীদের অংশগ্রহণে নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নিয়েছে। ১৯৬৬ সালের নভেম্বরে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এই নিষেধাজ্ঞা আরোপ করেন। কেন্দ্রীয় সরকারের কর্মীবর্গ, জন

অভিযোগ এবং পেনসন সংক্রান্ত দপ্তরের তরফে নিষেধাজ্ঞা প্রত্যাহারের কথা জানানো হয়েছে।

এক পোস্টে সরকারের এই পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন বিজেপির-এ আইটি সেলের প্রধান অমিত মালভিয়া। তিনি এক্স হ্যান্ডেলে লিখেছেন যে, ৫৮ বছর আগে অসাংবিধানিক একটি নির্দেশ জারি করা হয়েছিল যার অবসান হলো মোদী সরকারের হাত ধরে। তবে হরিয়ানা, হিমাচল প্রদেশ, মধ্য প্রদেশ, এবং ছত্তিশগড়ের মতো কয়েকটি রাজ্য ইতোমধ্যেই এই নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় এক বিজেপি কর্মীকে পিটিয়ে খুন করার অভিযোগ উঠেছে শাসক দল আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। জানা গেছে, তাপস মন্ডল নামে বছর ৩৬-এর ওই ব্যক্তি মহেশতলা পুরসভার ৩০ নম্বর ওয়ার্ডে কাছারি বাগান এলাকার বাসিন্দা। গত শনিবার দুপুরে স্থানীয় একটি বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজের সামনে ওই ব্যক্তির দেহ পড়ে থাকতে দেখা যায়। তবে, কি কারণে মৃত্যু তা বোঝা না গেলেও পরিবারের লোকেরা খুনের অভিযোগ করেছে। গত বছর দোলের দিনেও বিজেপি কর্মী তাপসকে তৃণমূল কংগ্রেসের লোকজন মারধোর করে বলে তাদের দাবি। দেহ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

ooooooooooooooooooooo

হাওড়ার জগাছা থানার বাবলাতলায় কোনা এক্সপ্রেসওয়েতে নাকা চেকিং-এর সময় পুলিশ প্রায় ৪০ কেজি গাঁজা উদ্ধার করেছে। এই ঘটনায় দু-জনকে গ্রেফতার করা হয়েছে। একটি গাড়িতে করে তারা পশ্চিম মেদিনীপুরের গড়বেতা থেকে ওই গাঁজা, দুটি নাইলন ব্যাগে ডায়মন্ড হারবার নিয়ে যাচ্ছিল বলে জানা গেছে।

oooooooooooooooooooooooo

নদীয়ার রানাঘাট স্টেশনের বাইরে লুপ লাইনে গত সন্ধ্যায় মালগাড়ির একটি বগি লাইনচ্যুত হয়। রানাঘাট থেকে গেদে সীমান্তে যাওয়ার প্রস্তুতি নেওয়ার সময় বিকট শব্দে বগিটি লাইনচ্যুত হয়। রাতেই রেলকর্মীরা সেটিকে লাইনে তুলে দেন। ওই লাইনগুলিতে সাধারণত মালগাড়ি চলাচল করায় এই ঘটনার কোন প্রভাব শিয়ালদহ রানাঘাট মেইন শাখায় ট্রেন চলাচলে পড়েনি।

oooooooooooooooooooooooo

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর । দফতরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন,

(বাইট – সৌরিশ)

আগামীকাল পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

ভিন রাজ্যে আলু রফতানিতে বাধা এবং পুলিশি হয়রানির প্রতিবাদে আজ থেকে কর্মবিরতির ডাক দিয়েছে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি। রাজ্যজুড়ে অনির্দিষ্টকালের জন্য এই কর্মবিরতি চলবে। পাইকারী বাজারে আলু বিক্রিও বন্ধ রাখার হবে বলে সংগঠনের পক্ষ থেক জানানো হয়েছে।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo